অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/11/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

9/11 এর 20তম বর্ষপূর্তিতে গভর্নর হোচুল 9/11 এবং যোগাযোগ ফার্স্ট রেস্পন্ডারদের সমর্থন করতে তিনটি বিধানে স্বাক্ষর করেছেন

বিধান (S.4961-B/A.6384-A) সেই বিভাগকে বর্ধিত করে যা ওয়ার্ল্ড ট্রেড সেন্টার উদ্ধারে অংশগ্রহণ করেন এমন ফার্স্ট রেস্পন্ডারদের সংজ্ঞায়িত করে

বিধান (S.7009/A.6934-A) একটি নোটিশের বৈদ্যুতিক জমাদানের সুযোগ দেয় যা জানায় যে অবসর ব্যবস্থার একজন ব্যক্তি WTC উদ্ধারকাজে অংশগ্রহণ করেছে

বিধান (S.7121/A.7366-A) "যোগাযোগের ক্ষেত্রে ফার্স্ট রেস্পন্ডারকে" সংজ্ঞায়িত করে এমন একজন ব্যক্তি হিসাবে যিনি জন নিরাপত্তা ডিসপ্যাচার, জরুরি রেস্পন্ডার, জরুরি অপারেটর, জরুরি অভিযোগ অপারেটর, জরুরি সেবা ডিসপ্যাচার যিনি স্থানীয় সরকারের নির্ধারিত ন্যূনতম প্রয়োজনীয়তা পূরণ করেন

ছবি পাওয়া যাবে এখানে

9/11 এর 20তম বর্ষপূর্তিতে গভর্নর হোচুল 9/11 এবং যোগাযোগ ফার্স্ট রেস্পন্ডারদের সমর্থন করতে তিনটি বিধানে স্বাক্ষর করেছেন যাতে নিশ্চিত করা যায় যে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (World Trade Center, WTC) উদ্ধার, পুনরুদ্ধার এবং পরিষ্কার কাজে অংশগ্রহণ করা অপারেটরগণ তাদের জন্য উপলভ্য সেবা লাভ করতে পারেন। বিলগুলি WTC ফার্স্ট রেস্পন্ডারদের WTC সুবিধা পেতে আবেদন করা সহজ করবে, WTC ফার্স্ট রেস্পন্ডারদের সঙ্গায়নের বিভাগকে বর্ধিত করার মাধ্যমে এবং অনলাইন নোটিশ জমা দানের অনুমতি প্রদানের মাধ্যমে যে একটি অবসর সিস্টেমের সদস্য WTC উদ্ধার, পুনরুদ্ধার এবং পরিষ্কার কাজে অংশগ্রহণ করেছেন।

"এমন একটি দিনের 20তম বর্ষপূর্তি পালনের সময়ে, যা প্রতিটি নিউ ইয়র্কবাসীর জীবনকে স্পর্শ করেছে, আমরা স্মরণ করছি ঐসব ব্যক্তিদের যারা ওয়ার্ল্ড ট্রেড সেন্টার উদ্ধার, পুনরুদ্ধার এবং পরিষ্কার কাজে তাদের প্রাণ হারিয়েছেন এবং সম্মান জানাচ্ছি তাদের যারা আজ আমাদের মধ্যে রয়েছেন," **গভর্নর হোচুল বলেন।**এই আইনগুলি কেবল ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে ঐ মারাত্মক দিনে থাকা এবং যারা পরবর্তী দিনগুলিতে পরিষ্কার কাজে অংশগ্রহণ করেছেন কেবল তাদেরকেই সাহায্য করবে না, বরং সেসব জরুরি ডিস্প্যাচার এবং যোগাযোগ কর্মী আমাদের আজকে সুরক্ষিত রাখেন তাদের সাহায্য করবে। আমরা নিশ্চিত করবো যে তারা তাদের প্রাপ্য সমর্থন এবং সুবিধা লাভ করবেন।"

<u>9/11 বিধান নিশ্চিত করবে যে সকল ফার্স্ট রেস্পন্ডাররা তাদের প্রয়োজনীয় সমর্থন লাভ করবেন</u>

সেই বিভাগকে বর্ধিত করা যা ওয়ার্ল্ড ট্রেড সেন্টার উদ্ধারে অংশগ্রহণ করেন এমন ফার্স্ট রেস্পন্ডারদের সংজ্ঞায়িত করে
বিধান (S.4961-B/A.6384-A) WTC উদ্ধারকাজে অংশগ্রহণ করা ফার্স্ট রেস্পন্ডারদের সংজ্ঞায়িত করার বিভাগকে বর্ধিত করে। "সদস্য" শব্দটি এমন ব্যক্তিদের অন্তর্ভুক্ত করবে যারা বর্তমানে সরকারি অবসর সিস্টেমের সদস্য, ঐসময়ে উক্ত ব্যক্তি সিস্টেমের সদস্য থাকুক বা না থাকুক। ঐ সময়ের পড়ে ব্যক্তিকে অবশ্যই অবসর সিস্টেমের সদস্য হতে হবে এবং যোগ্যতাকালীন সময়ের পুরোটিতে বা কিছু অংশতে সার্ভিস ক্রেডিট ক্রয় করে থাকতে হবে।

সিনেটর অ্যান্ড্রু গারনাডেস বলেন, "টাওয়ারগুলি পতনের ঘণ্টা, দিন, সপ্তাহ এবং মাস পড়ে হাজার হাজার সরকারি কর্মীদের ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে পাঠানো হয় উদ্ধার, পুনরুদ্ধার এবং পরিষ্কারের কঠিন কাজটি শুরু করার জন্য। তারা যে কাজ করেছেন তা নায়কোচিত কাজের চেয়ে কম নয়। আজকে, বিশ বছর পর, তাদের অনেকেই 9/11-সম্পর্কিত রোগে ভুগছেন, এবং মর্মান্তিকভাবে অনেকেই মারা গিয়েছেন। যদিও ঐ রেস্পন্ডাররা যাতে 9/11 প্রতিবন্ধকতা সুবিধা লাভ করেন তা নিশ্চিত করতে বিগত বছরগুলিতে অনেক পদক্ষেপ নেওয়া হয়েছে, একটি বড় ফাঁক হল যেসব সদস্যরা অবসর সিস্টেমের অংশ ছিলেন না তারা কোনরূপ সমর্থন বা সুবিধা লাভের অযোগ্য ছিলেন। আমি আমার বিধান S4961 এ স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ, যা এই ফাঁক বন্ধ করে এবং নিশ্চিত করে যে ঐ রেস্পন্ডাররা যারা পরে অবসর সিস্টেমের সদস্য হয়েছেন তারা যাতে তাদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে করা নায়কদের মত একই প্রতিবন্ধকতা সুবিধা পেতে পারেন।"

অ্যাসেম্বলি সদস্য পিটার অ্যাবেট বলেন, "যখন আমরা 9/11 হামলার 20তম বর্ষপূর্তি স্মরণ করছি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার উদ্ধার, পুনরুদ্ধার এবং পরিষ্কার কাজে অংশগ্রহণকারী উপযুক্ত সেবায় কর্মরত সব কর্মীদের অন্যান্যদের মত তাদের প্রাপ্য একই সুবিধা পাওয়া নিশ্চিত করতে গভর্নর হোচুলের একাগ্রতা দেখে আমি আনন্দিত।"

নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল লেবার কাউন্সিল (New York State Central Labor Council, AFL-CIO) এর প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "9/11 এ ওয়ার্ল্ড ট্রেড সেন্টার হামলার সময়ে এবং পরবর্তীকালে উদ্ধার, পুনরুদ্ধার এবং পরিষ্কার কাজে অংশগ্রহণকারী সকল কর্মী এবং তাদের পরিবারকে তাদের প্রাপ্য সুবিধা থেকে আর বঞ্চিত করা হবে না তা নিশ্চিত করতে এই বিলটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বর্তমান কোভিড (COVID) সংকটের মধ্যে বিষয়টি খুবই হৃদয়বিদারক যে এত নিঃস্বার্থ নায়কদের এত লম্বা সময় ধরে সংগ্রাম করতে হয়েছে; অন্যরা যে যত্ন এবং সম্মান পেয়েছে তা পাওয়ার জন্য এই অপেক্ষা অনেক দীর্ঘ। এই বিলটি স্বাক্ষরের মাধ্যমে গভর্নর হোচুল দেখিয়েছেন যে তিনি আমাদের 9/11 নায়কদের সমর্থন করেন এবং আরও অনেক পদক্ষেপের মাধ্যমে তিনি প্রমাণ করেছেন যে তিনি সকল কর্মীদের সমর্থন করেন, যারা নিজেদের স্বার্থ ত্যাগ করে কাজ করেন। আমরা তাকে তার প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাই এবং আমরা অ্যাসেম্বলিম্যান অ্যাবেট, সিনেটর গারনাডেস এবং সিনেট এবং অ্যাসেম্বলিতে ডেমোক্র্যাটিক সংখ্যাগরিষ্ঠতাকে 9/11 কর্মীদের জন্য তাদের নিরলস প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই।

WTC সুবিধার জন্য আবেদন করার ক্ষেত্রে উপলভ্যতা বৃদ্ধি
এই বিধানটি (S.7009-A/A.6934-A) WTC সুবিধা লাভের জন্য তাদের বর্তমান অবসর সিস্টেমে "WTC অংশগ্রহণের নোটিশ (WTC notice of participation)" বিবৃতি জমা দানের জন্য একটি অনলাইন অপশন তৈরি করে। এই বিলটি সিস্টেমকে একটি বৈদ্যুতিকভাবে জমা দেওয়া "WTC অংশগ্রহণের নোটিশ" একটি লিখিত বিবৃতির বিকল্প হিসাবে একটি অনলাইন পোর্টালের মাধ্যমে গ্রহণ করতে সক্ষম করবে।

বিলটি একজন সদস্যের বর্তমান অবসর সিস্টেমের মাধ্যমে বৈদ্যুতিকভাবে WTC অংশগ্রহণের নোটিশ জমা দানের প্রক্রিয়া সহজতর করার চেষ্টা করে, যাতে নিচিত করা যায় যে উদ্ধার, পুনরুদ্ধার এবং পরিষ্কার কাজে অংশ নেওয়া সকল ব্যক্তি ওয়ার্ল্ড ট্রেড সেন্টার সুবিধা পেতে পারে।

সিনেটর ডায়ান স্যাভিনো বলেন, "9/11 এর এই গুরুগম্ভীর 20তম বর্ষপূর্তিতে, আমি এই গুরুত্বপূর্ণ বিধান স্বাক্ষর করে আইনে পরিণত করায় গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই। একজন সদস্যকে বৈদ্যুতিকভাবে একটি নিরাপদ অনলাইন পোর্টালের মাধ্যমে WTC অংশগ্রহণের নোটিশ জমা দানের সুযোগ দেওয়া প্রযুক্তির একটি সাধারণ বিবেচনা-বুদ্ধি অনুযায়ী ব্যবহার যা কর্মীদের বা তাদের কাছের মানুষদের সুবিধা পাওয়া ত্বরান্বিত করবে যারা ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে হামলার সময় উদ্ধার, পুনরুদ্ধার এবং সাড়াদানের ডাকে সাড়া দিয়েছিল।"

অ্যাসেম্বলি সদস্য পিটার অ্যাবেট বলেন, "আমি এই বিধানটি স্পন্সর করতে পেরে আনন্দিত যা বৈদ্যুতিকভাবে একটি অবসর সিস্টেমের কাছে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার অংশগ্রহণের নোটিশ জমা দানের সুযোগ দেবে। এই সহজতর সিস্টেমের প্রয়োজন রয়েছে এবং উপযুক্ত ব্যক্তিদের দ্বারা আরও সময়োচিতভাবে আবেদন জমা দান নিশ্চিত করতে সহায়তা করবে, বিশেষ করে কোভিড মহামারীর সময়ে। আমি গভর্নর হোচুলকে এই বিলটিতে স্বাক্ষর করে একে আইনে পরিণত করার মাধ্যমে তার সমর্থন প্রদর্শনের জন্য তাকে ধন্যবাদ জানাই।"

যোগাযোগ কর্মীদের অন্তর্ভুক্ত করার জন্য ফার্স্ট রেস্পন্ডারদের সংজ্ঞা বর্ধিতকরণ
এই বিধানটি (S.7121/A.7366-A) "যোগাযোগ ক্ষেত্রে ফার্স্ট রেস্পন্ডারদেরকে" সংজ্ঞায়িত করে এবং এমন ফার্স্ট রেস্পন্ডারদের চাকরিদাতাদের "এমন যোগাযোগ ক্ষেত্রে ফার্স্ট রেস্পন্ডারদের জ্ঞান, দক্ষতা এবং কর্মদক্ষতা বৃদ্ধি এবং বজায় রাখার জন্য" তাদের প্রশিক্ষণ দেওয়ার প্রয়োজনীয়তা নির্ধারণ করে। এটি 9/11 অপারেটর এবং অন্যান্যদের ফার্স্ট রেস্পন্ডারের মত এমন গুরুত্বপূর্ণ কাজের স্বীকৃতি প্রদান করে।

সিনেটর জন ব্রুকস বলেন, নিউ ইয়র্কের জরুরি অপারেটর এবং ডিস্প্যাচাররা আমাদের সবার জন্য অমূল্য সেবা দিয়ে থাকেন। সময় হয়েছে এই গুরুত্বপূর্ণ জরুরি কর্মীদের তাদের সমর্থন প্রদানের পূর্ণ ক্ষমতার পথে থাকা বাধাগুলো অপসারণের এবং তাদেরকে তাদের প্রাপ্য সুবিধা থেকে আর বঞ্চিত না করার। প্রশ্নাতীতভাবে, সব জন নিরাপত্তা ডিস্প্যাচার, জরুরি রেস্পন্ডার, জরুরি অপারেটর, জরুরি অভিযোগ অপারেটর এবং জরুরি সেবা ডিস্প্যাচাররা ফার্স্ট রেস্পন্ডার, এবং তাদের সেই স্বীকৃতি লাভ করা নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা এবং কল্যাণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একজন ফার্স্ট রেস্পন্ডার হিসাবে, আমি এই গুরুত্বপূর্ণ বিধানকে আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য পিটার অ্যাবেট বলেন, "আমি এই বিধানকে স্পন্সর করতে পেরে সম্মানিত, এবং এই বিলটিকে আইনে স্বাক্ষর করায় গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই, যা জরুরি সেবার ক্ষেত্রে অসাধারণ অর্জনকে সংজ্ঞায়িত করে এবং এই মহান সরকারি কর্মীদের প্রতি নিউ ইয়র্কের সম্মান প্রদর্শন করে। জরুরি টেলিযোগাযোগ বিপদের সময়ে জনগণের যোগাযোগের প্রথম ধাপ এবং এই বিলটি তাদের যে স্বীকৃতি প্রদান করে তা তাদের আসলেই প্রাপ্য এবং "যোগাযোগের ক্ষেত্রে ফার্স্ট রেস্পন্ডারের" খেতাবও তাদের প্রাপ্য।"

লোকাল 1549 ক্লেরিকাল এডমিনিস্ট্রেটিভ এমপ্লয়িস (Local 1549 Clerical Administrative Employees) এর প্রেসিডেন্ট এডি রড্রিগেজ বলেন, "লোকাল 1549 যোগাযোগ ক্ষেত্রে ফার্স্ট রেস্পন্ডার বিলে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাতে চায়। তার স্বাক্ষর 911 অপারেটরদের মূল্যবান এবং অতুলনীয় কর্মজীবনের প্রতি তার প্রশাসনের সম্মানকে প্রদর্শন করে। এই পদক্ষেপটি একটি গুরুত্বপূর্ণ বার্তা পাঠায় - যারা খুবই চাপপূর্ণ এবং ভয়ংকর পরিস্থিতিতে কাজ করে তারা স্বীকৃতি, মূল্যায়ন এবং তাদের প্রাপ্য সেবা পাওয়ার যোগ্য যা তাদের কম সমস্যার মুখোমুখি করে আরও সুচারুরূপে তাদের কাজ করার সুযোগ দেবে। এই স্বাক্ষর এইসকল কর্মীদের মনোবল বৃদ্ধি করবে এবং তাদের নায়কোচিত কাজের স্বীকৃতি প্রদান করবে।"

সাফোক AME এর প্রেসিডেন্ট ড্যানিয়েল সি. লেভলার বলেন, "জরুরি অপারেটর এবং ডিস্প্যাচাররা সন্দেহাতীতভাবেই ফার্স্ট রেস্পন্ডারদের ফার্স্ট রেস্পন্ডার, জরুরি কাজের একদম কেন্দ্রে দিনে চব্বিশ ঘণ্টা, সপ্তাহে সাত দিন কাজ করা মানুষ। এই জরুরি কর্মীরা দ্রুত চিন্তা, কাউন্সলিং এবং দিক নির্দেশনা দেওয়ার অনুশীলন করেন যা প্রায়ই সাহায্য আসার আগে জীবন এবং মৃত্যুর মাঝে পার্থক্য গড়ে দেয়। সম্প্রতি, সাফোকের 911 অপারেটররা ক্রান্তীয় ঝড় আইডার সময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, কুইন্সে নিজেদের বেজমেন্টে আটকা পড়া পরিবারের আত্মীয়দের 911 কলের উত্তর দেওয়ার মাধ্যমে। সাফোক কাউন্টিতে আমাদের 300 জরুরি অপারেটরদের পক্ষ থেকে আমি গভর্নর হোচুলকে এই দীর্ঘ প্রত্যাশিত বিধানকে আইনে পরিণত করার জন্য এবং এই পুরুষ এবং নারী ফার্স্ট রেস্পন্ডারদেরকে প্রথমবারের মত সম্মান জানানোর জন্য ধন্যবাদ জানাই।"

ফায়ার অ্যালার্ম ডিস্প্যাচারস বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশন (Fire Alarm Dispatchers Benevolent Association, FDNY) এর প্রেসিডেন্ট ফে স্মিথ বলেন, "এই বিলের স্বাক্ষরিত হওয়ায় আমরা অত্যন্ত কৃতজ্ঞ, যা নিউ ইয়র্কের জরুরি ডিস্প্যাচার এবং যোগাযোগ কর্মীদের গুরুত্বপূর্ণ, জীবন বাঁচানো কাজের স্বীকৃতি প্রদান করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন